অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/25/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন বৈষম্যের শিকার ব্যক্তিদের জন্য প্রায় 7 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে

অর্থবছর 2023 এর মোট ক্ষতিপূরণ হলো গত ছয় বছরে নিউ ইয়র্ক স্টেটের জন্য সর্বোচ্চ

স্টেটজুড়ে 1,000 এর বেশি নিউ ইয়র্কবাসীকে আর্থিক ক্ষতির প্রতিদান এবং ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগ (New York State Division of Human Rights, DHR) অর্থবছর 2023 এ চাকরি, আবাসন, এবং সরকারি সুযোগসুবিধার ক্ষেত্রে বৈষম্যের শিকার 1,000 এর বেশি ব্যক্তিকে প্রায় 7 মিলিয়ন মার্কিন ডলার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে। এই মোট পরিমাণ হলো বিগত ছয় বছরের ক্ষতিপূরণের মধ্যে সর্বোচ্চ, যা অর্থবছর 2022 থেকে 7.4 শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং মহামারীর পূর্বের অর্থবছর 2019 থেকে 26.8 শতাংশ বৃদ্ধি পেয়েছে। পাশাপাশি, বিভাগটি চাকরিদাতা, আবাসন প্রদানকারী, এবং ব্যবসাসমূহকে বৈষম্যমূলক অনুশীলন ও নীতিমালার জন্য 269,000 মার্কিন ডলার জরিমানা করেছে।

"এই তহবিল নিশ্চিত করা এই বৈষম্যের শিকার ব্যক্তিদের ন্যায়বিচার অনুসন্ধানে সাহায্য করার আমাদের প্রয়াসকে আরো অগ্রসর করবে এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো নিরাপদ করবে," **গভর্নর হোকল বলেন।** "কঠিনহৃদয় চাকরিদাতা, আবাসন প্রদানকারী, এবং ব্যবসাসমূহকে তাদের বৈষম্যমূলক অনুশীলনের দায়বদ্ধতা গ্রহণ করতে হবে এবং বৈষম্যের শিকার ব্যক্তিদের সমস্যা উপলব্ধি করা তাদের অধিকার।"

মানবাধিকার বিভাগের কমিশনার মারিয়া ইম্পেরিয়াল বলেন, "স্টেটের মানবাধিকার আইনের (Human Rights Law) অধীনে, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর একটি পূর্ণাঙ্গ ও ফলপ্রসূ জীবন উপভোগ করার সমান সুযোগ রয়েছে। আবাসন, শিক্ষা বা চাকরি, যেকোনো ক্ষেত্রে বৈষম্য করা হলে সেই অধিকার ও সুযোগ কেড়ে নেওয়া হয়। আমাদের স্টেটের মানবাধিকার প্রয়োগকারী এজেন্সি হিসেবে আমরা শিক্ষামূলক আউটরিচের মাধ্যমে জনগণের ক্ষমতায়ন অব্যাহত রাখবো এবং সকল নিউ ইয়র্কবাসীর সাথে যাতে আইনসংগত ও ন্যায্য আচরণ করা হয় তা নিশ্চিত করতে আমাদের কাছে থাকা সকল কিছু ব্যবহার করবো।"

স্টেটের মানবাধিকার আইন প্রয়োগ করার এবং নিউ ইয়র্কবাসীদের বৈষম্যের অভিযোগ তদন্ত করার দায়িত্বে থাকা এজেন্সি হলো এই বিভাগ। তদন্তের পাশাপাশি বিভাগটির জরিমানা প্রদান করা এবং স্টেটের মানবাধিকার আইনের অধীনে লঙ্ঘন করা অধিকারের জন্য আর্থিক ক্ষতিপূরণ গ্রহণ করার কর্তৃত্ব রয়েছে। এছাড়াও বিভাগটি অতিরিক্ত প্রতিকারের ব্যাপারে দেনদরবার করতে পারে যেমন নীতিমালা পরিবর্তন, প্রশিক্ষণ, অ্যাক্সেসিবিলিটির সংশোধন। গত অর্থবছরে বিভাগটির কাজের ফল হিসেবে মোট 1,012 জন বৈষম্যের শিকার ব্যক্তি 6.7 মিলিয়ন মার্কিন ডলার আর্থিক ক্ষতির প্রতিদান ও ক্ষতিপূরণ পেয়েছে।

মামলার উদাহরণের মধ্যে রয়েছে:

- একটি লং আইল্যান্ড ট্রাকিং এবং লজিস্টিক ফার্মের একজন সেলসকর্মীর সাথে বয়স বৈষম্য করা হয়েছে জানার পর তাকে 24,435 মার্কিন ডলার দেওয়া হয়েছে।চাকরিদাতা তাকে সময়ের পূর্বে অবসর গ্রহণের জন্য চাপ প্রদান করে, তার বয়সের কারণে তার শিক্ষার সক্ষমতা নিয়ে অবমাননামূলক মন্তব্য করেছে, এবং পরিশেষে কাঠামো পরিবর্তনের সময় তার বদলে অপেক্ষাকৃত তরুণ একজনকে নিয়োগ দান করা হয়েছে।এছাড়াও বিভাগটি কোম্পানিকে 10,000 মার্কিন ডলার সিভিল জরিমানা করেছে।
- একটি পাওয়ার প্ল্যান্টে ল্যান্ডস্কেপার হিসেবে কর্মরত রচেস্টারের একজন মহিলা অভিযোগ করেন যে তার লিঙ্গ ও অক্ষমতার কারণে তার সাথে বৈষম্য হয়েছে ও তাকে চাকরিচ্যুত করা হয়েছে।অভিযোগকারী অভিযোগ করেন যে তার কোম্পানি নারী ল্যান্ডস্কেপারের বদলে পুরুষ ল্যান্ডস্কেপার নিয়োগ দিতে চেয়েছে, এবং তার পিঠের অবস্থার কারণে যেই বস্তু উঠানোর সীমাবদ্ধতা রয়েছে সেটির জন্য কোম্পানি যুক্তিসঙ্গত ব্যবস্থা করতে অস্বীকার করেছে।মোট 120,000 মার্কিন ডলারে অভিযোগটির মীমাংসা হয়।
- একটি লজিস্টিক এবং শিপিং কোম্পানিতে ম্যানেজার হিসেবে কর্মরত একজন লং আইল্যান্ডের পুরুষ অভিযোগ করে যে আফ্রিকান আমেরিকান হওয়ার কারণে সে কর্মক্ষেত্রে বৈষম্য ও হয়রানির শিকার হয়েছে, সে একজন সেনাবাহিনীর রিজার্ভিস্ট এবং তার পোস্ট ট্রমাটিক স্ট্রেস ডিজঅর্ডার আছে।অভিযোগকারী অভিযোগ করে যে সে অধীনস্থদের অসদাচরণ রিপোর্ট করেছে এবং তার রিপোর্টের ফলে তাকে চাকরিচ্যুত করা হয়ে যেখানে অন্যান্য শ্বেতাঙ্গ ম্যানেজারদের তা করা হয়নি।46,000 মার্কিন ডলারের অভিযোগটির মীমাংসা হয়।
- একটি অ্যাপার্টমেন্ট ভবনে বাসকারী কুইন্সের একজন পুরুষ অভিযোগ করে যে বাড়িওয়ালা তাকে একটি মানসিক সমর্থনের কুকুর রাখার অনুমতি দেয়নি এবং তাকে উচ্ছেদ করার চেষ্টা করেছে, যদিও এই প্রয়োজনের জন্য একজন মেডিকেল পেশাদার কর্তৃক প্রদত্ত কাগজপত্র প্রদান করা হয়েছিলো।19,000 মার্কিন ডলারের অভিযোগটির মীমাংসা হয়।

অর্থবছর 23 এ মীমাংসিত সকল DHR মামলার অঞ্চল ও ক্ষতিপূরণ অনুযায়ী বিভাজন নিম্নরূপ:

অঞ্চল	অভিযোগের সংখ্যা	ক্ষতিপূরণ
Capital Region	44	$324,734.75

Central NY	79	$612,046.69
Finger Lakes	148	$1,322,496.36
Hudson Valley	87	$562,531.76
Long Island	139	$690,595
Mohawk Valley	23	$157,900
New York City	299	$1,805,061.44
North Country	20	$83,303.82
Southern Tier	31	$152,131.58
Western NY	142	$997,208.67

আবাসন, চাকরি, শিক্ষা, ক্রেডিট, এবং সরকারি সুযোগ সুবিধার ক্ষেত্রে, ও অন্যান্য জুরিসডিকশনের ক্ষেত্রে বয়স, জাতি, ক্রিড, বর্ণ, লিঙ্গ, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশ, জাতীয়তার উৎস, সামরিক দশা, অক্ষমতা, গর্ভাবস্থা সংক্রান্ত পরিস্থিতি, গৃহ নির্যাতনের শিকার হওয়া, পারিবারিক দশা, বা অন্য কোনো সংরক্ষিত শ্রেণীর বিরুদ্ধে বৈষম্য নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার আইনটি নিষিদ্ধ করে।

দেশে প্রথম স্টেট হিসেবে মানবাধিকার আইন প্রণয়ন করার অনন্য গৌরব নিউ ইয়র্ক স্টেটের, যার ফলে প্রত্যেক নাগরিকের একটি পূর্ণাঙ্গ ও ফলপ্রসূ জীবন উপভোগ করার সমান সুযোগ রয়েছে। এই আইনটি প্রয়োগ করার দায়িত্বে থাকা এজেন্সি হলো নিউ ইয়র্ক স্টেটের মানবাধিকার বিভাগ। বৈষম্যের শিকার নিউ ইয়র্কবাসীরা DHR এর কাছে অনলাইনে, মেইল করে, বা সশরীরে উপস্থিত থেকে অভিযোগ দায়ের করতে পারবে। আইন এবং এজেন্সির কাজের ব্যাপারে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে মানবাধিকার বিভাগের ওয়েবসাইট www.dhr.ny.gov ভিজিট করুন বা 1-888-392-3644 নম্বরে ফোন করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন